



যুক্তরাষ্ট্র-ইরান মধ্যস্থতা নিয়ে পাকিস্তান যাচ্ছেন জাতিসংঘ মহাসচিব



জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে মধ্যস্থতার উদ্যোগ নিয়ে আলোচনা করতে পাকিস্তান সফরে যাচ্ছেন জাতিসংঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস। আল-জাজিরার প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।

জাতিসংঘের তথ্য অনুযায়ী, মঙ্গলবার (৬ অক্টোবর) ইসলামাবাদে পৌঁছানোর কথা রয়েছে গুতেরেসের। সফরে পাকিস্তানের কূটনৈতিক উদ্যোগ ও দুই দেশের মধ্যে মধ্যস্থতায় দেশটির ভূমিকা নিয়ে আলোচনা করবেন তিনি।

জাতিসংঘ সোমবার (৫ অক্টোবর) জানায়, যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে সংলাপ এগিয়ে নিতে ইসলামাবাদের গঠনমূলক ভূমিকা নিয়ে আলোচনার সুযোগ হবে এই সফরে।

পাকিস্তানে অবস্থানকালে প্রধানমন্ত্রী শেহবাজ শরিফ, পররাষ্ট্রমন্ত্রী মোহাম্মদ ইসহাক দারসহ দেশটির শীর্ষ সরকারি কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করবেন জাতিসংঘ মহাসচিব।

এর আগে ২০২২ সালে ভয়াবহ বন্যার পর পাকিস্তান সফর করেছিলেন গুতেরেস। সেটিই ছিল দেশটিতে তার সর্বশেষ সফর।